গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা
www.tmed.gov.bd

১০ ফাল্গুন, ১৪২৬

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০২৬.২০২০- ৫০ তারিখ: ২৩ ফেব্রুয়ারি, ২০২০

বিষয়: রাজবাড়ী জেলার পাংশা উপজেলাধীন কলিমহর খলিল উদ্দিন মিয়া দাখিল মাদ্রাসা-এর DIA কর্তৃক গত **৩০**/১০/২০১৫ খ্রি: তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (রাজবাড়ী জেলার পাংশা উপজেলাধীন কলিমহর খলিল উদ্দিন মিয়া দাখিল মাদ্রাসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর অনুসরণীয় নির্দেশনা।

সূত্র: (১) DIA-এর স্মারক নং- ডিআইএ/যশোর/৪৪৬-এম/খুলনা: ৭৪৩৭ তারিখ: ১৬/০৬/২০১৬ খ্রি:
(২) DME-এর স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৯.০১০.১৮-১৯ তারিখ: ১৪/০১/২০২০ খ্রি:।

| BSR-এর ক্র: নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে TMED এর নির্দেশনা | মন্তব্য |
|---|---|---|

| ক্র:নং | DIA এর আপত্তি | প্রতিষ্ঠান প্রধানের জবাব | DEO এর জবাব | DG, DME এর সুপারিশ | TMED এর নির্দেশনা |
|---|---|---|---|---|---|
| ১৫ (খ) | প্রতিষ্ঠানটি জনৈক খলিল উদ্দিন মিয়া এর না নামকরণ করা হয়েছে। নামকরণ সম্পর্কিত কোন রেকর্ডপত্র উপস্থাপন করা হয়নি। রেকর্ডপত্র প্রদর্শন না করায় নামকরণ সম্পর্কিত কোন রেকর্ডপত্র উপস্থাপন করা হয়নি। রেকর্ডপত্র প্রদর্শন না করায় নামকরণ সম্পর্কিত বিধিবিধাননীতিমালা অনুসৃত হয়েছে কিনা তা যাচাই করা যায়নি। অবিলম্বে এ সংক্রান্ত রেকর্ড পত্র উপস্থাপন করতে হবে। | প্রতিষ্ঠানটি এলাকার সম্মানিত ব্যক্তিত্ব মরহুম জনৈক খলিল উদ্দিন মিয়া এর নামে নামকরণ করে রেজুলেশন করা হয়েছিল যার রেকর্ডত্র সংরক্ষিত রয়েছে মর্মে প্রতিষ্ঠান প্রধান প্রতিবেদনে উল্লেখ করেছেন। | সঠিক | মতামত প্রয়োজন নেই। | তৎকালীন নিতিমালা অনুসরণক্রমে নামকরণ সমপূর্ণ হয়েছে কি না তা যাচাই করে এ বিষয়ে মতামতসহ এ অংশের BSR প্রেরণের জন্য DG, DME-কে অনুরোধ করা হলো। |

| BSR-এর ক্র: নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে TMED এর নির্দেশনা | মন্তব্য |
|---|---|---|
| ১৫(গ) | স্বীকৃতি হালনাগাদ নবায়ন রাখতে হবে। | |
| ১৫(ঘ) | নিয়মিত ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে মাদ্রাসা পরিচালনা করতে হবে। | |
| ১৫(চ) | প্রতি বছর প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির স্টকটেকিং ব্যবস্থা চালু রাখতে এবং স্টকটেকিং প্রতিবেদন ব্যবস্থাপনা কমিটির অনুমোদনপূর্বক স্টক রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে। | |
| ১৫(ছ) | ফাইল রেজিস্ট্রার, চাঁদা আদায়ের রশিদ বহির রেজিস্ট্রার, ডিমান্ড ও রিসিপ্ট রেজিস্ট্রার, সাবসিডিয়ারী রেজিস্ট্রারসহ ব্যবহৃত রেজিস্ট্রারসমূহ যথাযথভাবে ব্যবহার এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | |
| ১৫(ঞ) | স্ট্যাফিং প্যাটান সংক্রান্ত: (১) প্রতিষ্ঠানটিতে দাখিল স্তরে ০১ জন ক্বারী শিক্ষক কর্মরত ও এমপিওভুক্ত আছেন। ২৪/১০/১৯৯৫ ও ০৪/০২/২০১০ তারিখের নীতিমালা অনুযায়ী দাখিল স্তরে ক্বারী শিক্ষকের পদ নেই। উক্ত ক্বারী শিক্ষক ২৪/১০/১৯৯৫ ও ০৪/০২/২০১০ তারিখের নীতিমালা অনুযায়ী উদ্বৃত হিসেবে কর্মরত থেকে সরকারি বেতন ভাতাদি পাবেন। বর্ণিত পদ শূন্য হলে উক্ত পদে কোন শিক্ষক নিয়োগ করা যাবে না। | |
| ১৫(ঠ) | শিক্ষকতার অভিজ্ঞতা সংক্রান্ত তথ্য: পরিদর্শনকালে নিম্নোক্ত শিক্ষকগণ পূর্ব অভিজ্ঞতা দাবী করেছেন। | |

| ক্র:ন- | নাম | পদবী | পূর্ব প্রতিষ্ঠানের নাম | অভিজ্ঞতার সময়কাল | |
|---|---|---|---|---|---|
| ১. | জনাব মো: ইউনুছ আলী | সুপার | | ০১/০৩/২০০১ | ২৪/০২/২০১৩ |

| BSR-এর ক্র: নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে TMED এর নির্দেশনা | মন্তব্য |
|---|---|---|
| | চাকুরির ধারাবাহিকতা অক্ষুন্ন থাকলে ডিজি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর যাচাই বাছাই করে তা নিশ্চিত করবেন এবং TMED-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | |
| ১৬(ক) | প্রতিষ্ঠানটির জমির ভূমি উন্নয়ন কর হালসন নাগাদ পরিশোধ করে দাখিলা সংরক্ষণ করতে হবে। | |
| ১৬(খ) | শ্রেণি কক্ষগুলো সংস্কার ও পরিস্কার পরিচ্ছন্ন, পানীয়-জল এবং স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১৬(গ) | আর্থিক সামর্থ অনুযায়ী প্রতিষ্ঠানটিতে শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী অনুপাতে বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে এবং আসবাবপত্রের বন্টন রেজিস্ট্রার খুলে এর হিসাব সংরক্ষণ করতে হবে। | |
| ১৭(ক)১ | শ্রেণিকক্ষে উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২৫/০৩/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |
| ১৭(ক)২ | প্রতিষ্ঠানে ঝরে পড়া শিক্ষার্থীদের হার কমিয়ে আনার লক্ষ্যে কার্যকর ব্যবস্হা গ্রহণ করতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২৫/০৩/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |

চলমান পাতা/২

| BSR-এর ক্র: নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে TMED এর নির্দেশনা | মন্তব্য |
|---|---|---|
| ১৭(খ) | একাডেমিক উন্নয়নের জন্য নিম্নেবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিসহ সকল সদস্যকে অনুরোধ করা হলো:<br>১. পাঠদানে শিক্ষা উপকরণ ব্যবহার করতে হবে;<br>২. শিক্ষার্থীরদের বাড়ির কাজ দিয়ে তা যথাসময়ে আদায় করতে হবে;<br>৩. শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে;<br>৪. শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে; এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২৫/০৩/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৫. প্রতিটি শ্রেণিতে মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে;<br>৬. Participatory Method চালু করতে হবে;<br>৭. বার্ষিক অভিভাবক সভা করে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া এবং উপস্থিতি সম্পর্কে অভিভাবকদেরকে অবহিত করতে হবে;<br>৮. প্রতিষ্ঠানের লেখা-পড়ার মান উন্নত করার লক্ষ্যে ও শিক্ষকমন্ডলী কর্তৃক যৌথভাবে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে;<br>৯. ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করতে হবে এবং<br>১০. শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে। | |
| ১৭(গ)১ | অভ্যন্তরীন পরীক্ষা: অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল গুনগত ও সংখ্যাগত মান্নোনয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২৫/০৩/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |
| ১৭(গ)২ | বৃত্তি পরীক্ষা : বৃত্তি পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | |
| ১৭(গ)৩ | এবতেদায়ী সমাপনী পরীক্ষার ফলাফল: এবতেদায়ী সমাপনী পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২৫/০৩/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |
| ১৭(গ)৪ | জেডিসি পরীক্ষা: জেডিসি পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | |
| ১৭(গ)৫ | বোর্ড পরীক্ষার ফলাফল: দাখিল পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২৫/০৩/২০২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। | |
| ১৭(ঘ) | পাঠাগার সহ পাঠকার্যক্রম বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও পরীক্ষা সংক্রান্ত তথ্য:<br><br>পাঠাগার: পাঠাগারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো:<br>পাঠাগার, পুস্তক পাঠাভ্যাস সংক্রান্ত তথ্য ও মন্তব্য:<br>ক. পাঠাগারের জন্য কাম্য সংখ্যক পুস্তক সংগ্রহ করা;<br>খ. শিক্ষক-শিক্ষার্থীদের নামে নিয়মিত পুস্তক ইস্যু করা;<br>গ. পাঠাগারে পুস্তক যথাযথভাবে সংরক্ষণ করা;<br>ঘ. পাঠাগারে পাঠ সহায়ক ম্যাগাজিন/পত্রিকা রাখা;<br>ঙ. পাঠাগারে ছাত্রীদের পাঠ সহায়ক পরিবেশ তৈরি করা। | |
| ১৭(ঙ) | বিজ্ঞানাগারে পর্যাপ্ত পরিমানে বৈজ্ঞানিক যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্যাদি ক্রয় করতে হবে। | |
| ১৭(চ) | সহপাঠ কার্যক্রম: পরিস্কার পরিছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়া ম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করা সহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে। | |
| ১৮(ক) | আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্য: আয়ব্যয়ের ক্ষেত্রে নিম্নের নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো:<br>১. সকল আয়-ব্যয় ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করা;<br>২. খরচের ভাউচারে কমিটির অনুমোদন সাপেক্ষে গার্ড ফাইলে সংরক্ষণ করা;<br>৩. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা;<br>৪. প্রতিটি লেনদেন কলামনার ক্যাশবহিতে যথানিয়মে রক্ষণাবেক্ষণ করা;<br>৫. খরচের ভাউচারে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অনুস্বাক্ষর করা;<br>৬. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ নির্দেশিকা মোতাবেক আয়-ব্যয় নির্বাহ করা;<br>৭. প্রযোজ্য ক্ষেত্রে আয়-কর ও ভ্যাট প্রদান করতে হবে;<br>৮. ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় কাজ সম্পন্ন করা;<br>৯. প্রযোজ্য ক্ষেত্রে স্পট কোটেশন ও টেন্ডার আহবান করা এবং<br>১০. প্রতি তিন মাস অন্তর অন্তর তিন সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করে প্রতিবেদন অনুমোদনপূর্বক সংরক্ষণ করতে এবং পর্যায়ক্রমে সকল শিক্ষককে উক্ত কমিটিতে অন্তর্ভূক্ত করতে হবে। | |
| ১৮(খ)১ | সংরক্ষিত তহবিল সংক্রান্তঃ<br>সংরক্ষিত তহবিলে কাম্য পরিমান টাকা জমা আছে। ভবিষ্যতেও কাম্য পরিমান টাকা জমা রাখতে হবে। | |
| ১৮(খ)২ | সাধারণ তহবিল সংক্রান্তঃ<br>সাধারণ তহবিলে কাম্য পরিমান টাকা জমা নেই। ভবিষ্যতে কাম্য পরিমান টাকা জমা রাখতে হবে। | |

চলমান পাতা/৩

| BSR-এর ক্র: নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে TMED এর নির্দেশনা | মন্তব্য |
|---|---|---|
| ১৯ | বিগত পরিদর্শন সংক্রান্ত: প্রতিষ্ঠানটি বিগত ০২/১০/২০০৩ তারিখে পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। উক্ত পরিদর্শন প্রতিবেদনের আলোকে মাউশি অধিদপ্তর কর্তৃক পতিষ্ঠানের নিকট ব্রডসীট জবাব চাওয়া এবং প্রতিষ্ঠান কর্তৃক মাধ্যমিক ও উচ্চ অধিদপ্তরে ব্রডশীট জমা দাখিলের কোন রেকর্ড উপস্থাপন করা হয়নি মর্মে ডিআইএ কর্তৃপক্ষ প্রতিবেদনে উল্লেখ করেছেন। | |
| ২০(১) | মহিলা কোটা: ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ২০% মহিলা কোটা পূরণ করতে হবে। | |
| ২০(৩) | ইভটিজিং:ইভটিজিং এর কুফল সম্পর্কে শিক্ষার্থীদের বৃদ্ধিসহ প্রতিরোধে প্রয়োজনীয় সকল শিক্ষককে পদক্ষেপ নিতে হবে। | |

০২। এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা অনুসরণ ও বাস্তবায়ন সহ প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং প্রদত্ত নির্দেশনার বাস্তবায়ন নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

স্বাঃ
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩,৩৭/৩/এ, ইসকাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.০২৬.২০২০-৫০

তারিখ: ১০ ফাল্গুন, ১৪২৬ / ২৩ ফেব্রুয়ারি,২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। পরিচালক,পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা। (পরিদর্শন প্রতিবেদনগুলো পর্যালোচনায় এটা স্পষ্ট হয়েছে যে, প্রতিবেদনগুলো Prototype অর্থাৎ গদবাধা পরিদর্শন হচ্ছে। মানসমপন্ন পরিদর্শন নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। সচিব, মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৫। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)

৬। জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী ।

৭। উপজেলা শিক্ষা অফিসার, , উপজেলা: পাংশা , জেলা: রাজবাড়ী

৮। সভাপতি/ব্যবস্থাপনা কমিটি, কলিমহর খলিল উদ্দিন মিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা: পাংশা , জেলা: রাজবাড়ী (উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নে অধ্যক্ষকে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে এবং অন্যান্য সদস্যগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৯। সুপার, কলিমহর খলিল উদ্দিন মিয়া দাখিল মাদ্রাসা, উপজেলা: পাংশা , জেলা: রাজবাড়ী ।

১০। অতিরিক্ত সচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১১-১২। অফিস কপি/মাস্টার কপি।

২৩.০২.২০
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৯৫৭৫২৭২